



# বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

১৩৭-১৩৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

[www.bscic.gov.bd](http://www.bscic.gov.bd)



স্মারক নম্বর- ৩৬.০২.০০০০.০০০.৯৯.৪৮৫.২০/২৮৪(১৬৮)

তারিখ: ২৪ বৈশাখ ১৪২৭  
০৭ মে ২০২০

**বিষয়:** মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ঋণ প্রণোদনা প্যাকেজের আওতায় ঋণ প্রাপ্তিতে উদ্যোক্তাদের সহযোগিতা প্রদান

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শিল্প মন্ত্রণালয়ের দিক নির্দেশনায় বিসিক শিল্প খাতের উন্নয়ন ও বিকাশে মুখ্য পোষক প্রতিষ্ঠান হিসেবে দায়িত্ব পালন করে আসছে। বিসিক জেলা কার্যালয়সমূহ শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে শিল্পখাত সংশ্লিষ্ট সকল কার্যক্রমে সার্বিক দায়িত্ব পালন করে থাকে। কোভিড-১৯ প্রাদুর্ভাবজনিত পরিস্থিতি মোকাবেলায় দেশের অর্থনীতি সচল রাখার লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী ৫টি প্যাকেজে মোট ৭২ হাজার ৭৫০ কোটি টাকার ঋণ প্রণোদনা ঘোষণা করেছেন যার মধ্যে শিল্পখাত সংশ্লিষ্ট প্যাকেজ-১ ও ২ এর আওতায় যথাক্রমে ৩০ হাজার এবং ২০ হাজার কোটি টাকার সংস্থান রয়েছে। উক্ত প্যাকেজের আওতাধীন ঋণ বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে ক্ষতিগ্রস্ত শিল্পখাতে বিতরণের নির্দেশনা রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ঋণ প্রণোদনা প্যাকেজসমূহের আওতায় ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তিতে সহযোগিতার জন্য নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করতে হবে:

### কার্যক্রমসমূহ:

- ১) শিল্পখাতভিত্তিক (কুটির, মাইক্রো, ক্ষুদ্র, মাঝারি ও বৃহৎ) ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের তালিকা প্রণয়ন;
- ২) ঋণ প্রণোদনা প্যাকেজের সুবিধাদির বিষয়ে উদ্যোক্তাদেরকে তথ্য প্রদান;
- ৩) ঋণ প্রণোদনা সংক্রান্ত বিষয়ে হেল্পডেস্ক চালুকরণ;
- ৪) ঋণ গ্রহণে আগ্রহী ক্ষতিগ্রস্ত শিল্প উদ্যোক্তা এবং বাণিজ্যিক ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সাথে প্রয়োজনীয় যোগাযোগ স্থাপনের লক্ষ্যে কতিপয় কর্মকর্তা/কর্মচারীকে সুনির্দিষ্ট দায়িত্ব প্রদান;
- ৫) প্রতি সপ্তাহের শেষ কর্মদিবসে অগ্রগতি প্রতিবেদন বিসিক প্রধান কার্যালয়ে গঠিত মনিটরিং কমিটির নিকট প্রেরণ।

এমতাবস্থায়, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত ঋণ প্রণোদনা প্যাকেজসমূহের আওতায় ক্ষতিগ্রস্ত উদ্যোক্তাদের ঋণ প্রাপ্তিতে সহযোগিতার জন্য বর্ণিত কার্যক্রমসমূহ অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হল।

০৭/০৫/২০২০

(মোঃমোশতাক হাসান এনডিসি)  
চেয়ারম্যান (অতিরিক্ত সচিব), বিসিক  
ফোন: ০২-৯৫৬৫৬১২

### বিতরণ: (কার্যার্থে)

- ০১। অধ্যক্ষ, ফ্রিটি, বিসিক, উত্তরা, ঢাকা।
- ০২। আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক কার্যালয়, বিসিক, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী।
- ০৩। শিল্প সহায়ক কেন্দ্র (দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কেন্দ্রসহ) প্রধান (সকল)।
- ০৪। প্রধান নকশাবিদ, নকশা কেন্দ্র, বিসিক, ঢাকা।
- ০৫। উপমহাব্যবস্থাপক, লবণ শিল্পের উন্নয়ন কর্মসূচির কার্যালয়, বিসিক, কক্সবাজার।
- ০৬। শিল্পনগরী কর্মকর্তা (সকল)।

**অনুলিপি** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়): সদয় অবগতি জন

- ০১। অতিরিক্ত সচিব (বিরা ও বেখা), শিল্প মন্ত্রণালয় ও আহবায়ক, এসএমই খাত উজ্জ্বল কমিটি।
- ০২। যুগ্ম সচিব (জাস, সমন্বয় ও প্রণয়ন), শিল্প মন্ত্রণালয় ও সদস্য সচিব, এসএমই খাত উজ্জ্বল কমিটি।
- ০৩। যুগ্ম সচিব (বিসিক), শিল্প মন্ত্রণালয়।
- ০৪। পরিচালক (সকল), বিসিক, ঢাকা।
- ০৫। সচিব, বিসিক, ঢাকা।
- ০৬। মহাব্যবস্থাপক (সকল), বিসিক, ঢাকা।
- ০৭। নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ), বিসিক, ঢাকা।
- ০৮। আইসিটি সেল প্রধান, বিসিক, ঢাকা (ওয়েব সাইটে প্রচারের জন্য)।